

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম কল্যাণ কেন্দ্র,  
চাষাড়া, নারায়ণগঞ্জ।

E-Mail: lwc.chashara @ gmail.com

নং-৪০.০২.০০০০.৪০৪.২৩.০০১.১৯.৪৮

তারিখঃ ২২/০৩/২০২০ খ্রি.

বরাবর,  
মহা পরিচালক,  
শ্রম অধিদপ্তর,  
শ্রম ভবন, ঢাকা।


**বিষয়ঃ মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ কর্মসূচী পালনের প্রতিবেদন।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সম্মান পূর্বক জানানো যাচ্ছে যে, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে ১৬ই মার্চ, ২০২০ অফিসের চতুরপাশ পরিষ্কার পরিচ্ছন্ন করে গাছ লাগানোর জন্য স্থান নির্বাচন করা হয়। ১৭ই মার্চ সকাল ৮.০০ ঘ. বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ এর সাথে সম্মিলিতভাবে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক প্রদানের মাধ্যমে দিবসের কর্মসূচীর শুভ সূচনা করা হয়। এর পর শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জে কেক কাটার মাধ্যমে জাতীয় শিশু দিবসও জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন পালন করা হয়। পরবর্তীতে বিভাগীয় শ্রম দপ্তর, নারায়ণগঞ্জ এর পরিচালক মহোদয়ে মাধ্যমে শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জ এর ব্রেস্ট ফিডিং কর্নার এবং বৃক্ষরোপন কর্মসূচীর শুভ উদ্বোধন করা হয়। সবশেষে সংক্ষিপ্ত পরিসরে জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনের উপর আলোচনা সভা ও তঁহার বিদেহী আত্মার শান্তি কামনা করে দোয়া ও মুনাজাতের মাধ্যমে দিবসের সমাপ্তি ঘোষণা করা হয়।

উল্লেখ্য যে, অত্র কেন্দ্র কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচিতে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ বিষয়টি অর্ন্তভুক্ত করা হয়েছে। করোনা ভাইরাস নিয়ে দেশের চলমান পরিস্থিতির কারণে অত্র কেন্দ্র কর্তৃক পূর্ব ঘোষিত রক্তদান কর্মসূচী ও ফ্রি মেডিকেল ক্যাম্পের কার্যক্রম আপাতত স্থগিত করা হয়েছে পরবর্তীতে অবস্থার উন্নতি হলে উক্ত কর্মসূচী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করা হবে।

আপনার অনুগত,



(ডা. রিফাত মেহজাবীন)  
সি. মেডিকেল অফিসার(চ.দা.)  
শ্রম কল্যাণ কেন্দ্র,  
চাষাড়া, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ কর্মসূচীর পালনের পতিবেদন।

অনুচ্ছেদঃ ০১। মুজিব বর্ষ পালন উপলক্ষে শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জে বিশেষ কর্মসূচী পালনের পতিবেদন মহা পরিচালক মহোদয়ের দপ্তরে প্রেরনের নিমিত্ত চূড়ান্ত প্রতিবেদন তৈরী করতঃ সি. মেডিকেল অফিসার মহোদয়ের সদয় অনুমোদন ও স্বাক্ষরের জন্য পেশ করা হলো।

সি. মেডিকেল অফিসার

অফিস সহকারী